সমকাল

তারিখ ... 10 MAY 2016 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৫ ...

# আহছানউল্লাহর সেই শিক্ষক চাকরিচ্যুত

■ সমকাল প্রতিবেদক

যৌন নিপীড়নে অভিযুক্ত বেসরকারি আহছানউল্লাহ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক মাহফুজুর রশিদ ফেরদৌসকে চাকরিচ্যুত করা হয়েছে। গতকাল সোমবার আহছানউল্লাহ বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার আবদুল গফুর স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ কথা জানানো হয়। ফেরদৌস ওই বিশ্ববিদ্যালয়ের ইলেকট্রনিক্স অ্যান্ড ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের সহকারী অধ্যাপক ছিলেন। তিনি একইসঙ্গে সহকারী প্রক্টরের দায়িত্ব পালন করছিলেন।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. সফিউল্লাহ জানান, 'বিশ্ববিদ্যালয় প্রশাসনের সিদ্ধান্ত অনুযায়ী মাহফুজুর রশিদ ফেরদৌসকে ৪ মে থেকে চাকরিচ্যুত করা হয়েছে। বিশ্ববিদ্যালয় প্রশাসন চাকরির শর্ত অনুযায়ী তাকে চাকরিচ্যুত করেছে।' এরই মধ্যে যৌন হয়রানির অভিযোগে মাহফুজুর রশিদ

■ পৃষ্ঠা ৪ : কলাম ৮

## আহছানউল্লাহর

[দ্বিতীয় পৃষ্ঠার পর]

ফেরদৌসকে দু'দিনের হেফাজতে নিয়ে জিজ্ঞাসাবাদ করেছে। পরে গত শনিবার বিকেল থেকে সন্ধ্যা পর্যন্ত ঢাকার মহানগর হাকিম কাজী কামরুল ইসলামের কাছে জবানবন্দি দেন তিনি। ১৫ পৃষ্ঠার জবানবন্দিতে তিনি ঘটনার পুরো দায় স্বীকার করেছেন বলে জানান আদালতের পুলিশ কর্মকর্তা এসআই পার্থ চট্টোপাধ্যায়। কলাবাগান থানায় নারী ও শিশু নির্যাতন দমন আইনে করা একটি মামলায় গত ৪ মে ফেরদৌসকে গ্রেফতার করা হয়। এর আগে যৌন নিপীড়নের অভিযোগ ওঠার পর শিক্ষার্থীদের আন্দোলনের মুখে তাকে সাময়িক বরখাস্ত করে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।